অন্টারিও কোভিড- ১৯
লকডাউন ফ্যাক্টশিট

আপনার অধিকার সম্পর্কে জানুন: পুলিশ এবং কোভিড এনফোর্সমেন্ট অফিসারদের দ্বারা আপনাকে থামানো হলে কিভাবে আপনি নিরাপদে থাকবেন

প্রাদেশিক সরকার পুলিশ, উপ-আইন কর্মকর্তা এবং বিশেষ কনস্টেবলদের বর্তমান স্টে-অ্যাট-হোম আদেশ বলবৎ করার ক্ষমতা দিয়েছে।

ওয়ার্কার্স অ্যাকশন সেন্টার বিশ্বাস করে যে, মহামারীর সময় পুলিশের ক্ষমতা বাড়ানোর পরিবর্তে সরকারের বেতনসহ অসুস্থতার ছুটির দিন এবং অন্যান্য শ্রম সুরক্ষা প্রদান করা উচিত। আমরা নিশ্চিত করতে চাই যে, আমাদের মধ্যে যাদেরকে কাজে যেতে হবে এবং বাড়িতে থাকার কোনো সুযোগ নাই তারা যেন জানতে পারে যে পুলিশ বাধা দিলে আমাদের কি কি অধিকার আছে।

টিপস # ১
আপনি আপনার বাড়ি থেকে বের হওয়ার আগে, আপনি কেন বাড়িতে নেই জিজ্ঞাসা করা হলে উত্তর দেওয়ার একটি ভাল কারণ ভেবে রাখুন। যেমন বলতে পারেন- ব্যায়ামের জন্য বের হওয়া, বাজার করতে যাওয়া, কাজে যাওয়া অথবা ডাক্তারের কাছে যাওয়া। আর একটি ধারণা হ'ল আপনার নিয়োগকর্তার কাছে একটি চিঠি চাওয়া যা নিশ্চিত করে যে আপনি এই মুহূর্তে কাজ করছেন। যদি আপনার নিয়োগকর্তা আপনাকে এই চিঠি না দেয় তখন পরামর্শের জন্য আমাদের সাথে যোগাযোগ করতে পারেন।

টিপস # ২
যদি আপনাকে থামানো হয়, কর্মকর্তারা আপনাকে প্রশ্ন করতে পারেন। তারা আপনাকে আপনার পরিচয় দিতে বলতে পারে। তারা আপনার নাম, ঠিকানা এবং জন্মতারিখ চাইতে পারে। তারা আপনাকে জিজ্ঞাসা করতে পারে আপনি কোথায় যাচ্ছেন বা আপনি কোনও জনসমাবেশের অংশ কিনা। আপনার উত্তরগুলি মৌখিকভাবে বলতে হতে পারে। আপনার পরিচয়পত্র বা কর্মক্ষেত্রের চিঠির মতো প্রমাণ দেখানোর প্রয়োজন নেই। কিন্তু আপনি নিরাপদ থাকার জন্য আপনার সাথে একটি প্রমাণ রাখবেন।

আপনি যদি নিজেকে সনাক্ত করতে এবং কর্মকর্তার প্রশ্নের উত্তর দিতে অস্বীকার করেন তবে আপনাকে ৭৫০ ডলার জরিমানা করা হতে পারে। যদি অফিসার সিদ্ধান্ত নেন যে আপনি বাড়িতে থাকার আদেশ ভঙ্গ করেছেন অথবা জনসমাবেশ থেকে আসার কথা অস্বীকার করছেন, তাহলেও আপনাকে ৭৫০ ডলার জরিমানা করা হতে পারে।

টিপস # ৩
আপনি কোন আইনটি ভঙ্গ করেছেন বলে অফিসার বিশ্বাস করেন তা আপনি অফিসারকে জিজ্ঞাসা করতে পারেন। যদি আপনার বিরুদ্ধে কোন আইন ভঙ্গের অভিযোগ না আনা হয়, তাহলে আপনি জিজ্ঞাসা করতে পারেন "আমাকে কি আটক করা হচ্ছে নাকি আমি যেতে পারবো?" যদি আপনাকে আটক না করা হয় তবে আপনি চলে যেতে পারেন। জিজ্ঞাসাবাদ শেষ হওয়ার আগে পালিয়ে যাবেন না। এটি বিপজ্জনক হতে পারে অথবা টিকিটের দিকে ধাবিত করতে পারে।

টিপস # ৪
যদি আপনাকে থামানো হয়ে থাকে এবং টিকিট দিয়ে থাকে তাহলে দয়া করে Workers’ Action Centre - ওয়ার্কার্স অ্যাকশন সেন্টারে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে কিছু আইনি সহায়তা পেতে সাহায্য করতে পারি। বাড়িতে থাকার কঠোর আদেশগুলি ফ্রন্টলাইন বা অপরিহার্য কর্মীদের জন্য প্রযোজ্য নয়, যারা বাড়ি থেকে কাজ করতে পারে না। এর পরিবর্তে, আমরা বিশ্বাস করি ন্যায্য শ্রম আইন যেমন বেতনসহ অসুস্থতার ছুটির দিন কোভিড-১৯ রোধ করার জন্য একটি ভাল হাতিয়ার।

720 Spadina Avenue, Suite 223 Toronto ON M5S 2T9
Phone: 416-531-0778 Fax: 416-533-0107

অন্টারিও কোভিড- ১৯
লকডাউন ফ্যাক্টশিট

আমি কোন কোন কারণে বাড়িতে থাকার আদেশের সময় বাড়ি ছেড়ে যেতে পারি?

বৃহস্পতিবার ৮ই এপ্রিল ২০২১ থেকে অন্তত ২০শে মে ২০২১ পর্যন্ত মধ্যে, অন্টারিও সরকার বলেছে যে শুধুমাত্র ২৯টি অপরিহার্য কারণে আপনি আপনার বাড়ি ছেড়ে যেতেপারেন। [১] এর মধ্যে রয়েছে:

- কাজে যাওয়া (কেবল মাত্র যদি এটি বাড়ি থেকে করা না যায়)
- স্কুলে যাওয়া বা চাইল্ডকেয়ার যাওয়া
- স্বাস্থ্যজনিত কারণে যাওয়া যেমন ওষুধ, ব্যায়াম বা গার্হস্থ্য সহিংসতা আপনার বাড়ি ছেড়ে যাওয়া
- মুদি দোকানে এবং ব্যক্তিগত যত্নের জিনিস ক্রয় করতে যাওয়া
- আইন দ্বারা অনুমোদিত নির্দিষ্ট সমাবেশে অংশ নেওয়া যেমন বিবাহ, অন্ত্যেষ্টিক্রিয়া বা ধর্মীয় উপাসনালয়ে।

আমাকে কি একজন অফিসার যখনই ইচ্ছা থামাতে পারে? আমাকে কি কারণে থামানো যেতে পারে?

না, অফিসাররা আপনাকে রাস্তায় যখনই ইচ্ছা থামাতে পারবেন না। তারা আপনাকে কেবল মাত্র ২ টি কারণে থামাতে পারে: [২]

১. যদি "যুক্তিসঙ্গত এবং সম্ভাব্য কারণ" থাকে তবে আপনি বাড়িতে থাকার আদেশ ভঙ্গ করছেন,
২. যদি "সন্দেহ করার কারণ" থাকে যে আপনি বাইরের নিষিদ্ধ কোনো সমাবেশে অংশ নিচ্ছেন,

অফিসার আমাকে কি জিজ্ঞাসা করতে পারেন?

- আপনাকে আপনার নাম, ঠিকানা এবং জন্মতারিখ জিজ্ঞাসা করতে পারে।
- আপনাকে জিজ্ঞাসা করতে পারে কেন আপনি আপনার বাড়ির বাইরে আছেন এবং আপনি একটি বাইরের সমাবেশের অংশ কিনা।

আমি যদি বাড়িতে থাকার আদেশ ভেঙ্গে থাকেন তবে কী হতে পারে?

- স্টে-হোম অর্ডার ভাঙার জন্য আপনাকে ৭৫০ ডলার জরিমানা করা হতে পারে।
- নিজেকে সনাক্ত করতে অস্বীকার করার জন্য বা জনসমাবেশ থেকে আসার কথা অস্বীকার জন্য আপনাকে ৭৫০ ডলার জরিমানা করা হতে পারে।
- অন্যদের আদেশ মেনে চলা থেকে বিরত রাখার জন্য বা কোনও কর্মকর্তার কাজে বাধা দেওয়ার জন্য আপনাকে ১০০০ ডলার জরিমানা করা হতে পারে।

আমি যদি কোনও অফিসারের দ্বারা আটক হওয়ার বিষয়ে চিন্তিত হই তবে আমার কী করা উচিত?

- আপনি আপনার বাড়ি থেকে বের হওয়ার আগে একটি ভাল কারণ ভেবে রাখুন উত্তর দেওয়ার জন্য, যদি আপনাকে জিজ্ঞাসা করা হয়।
- অফিসারদেরকে আপনি **শারীরিক** প্রমাণ দেখানোর প্রয়োজন নেই। কিন্তু আপনি নিরাপদ থাকার জন্য আপনার সাথে পরিচয়পত্র বা কর্মক্ষেত্রের চিঠির মতো প্রমাণ রাখতে পারেন।
- আপনি কোন আইনটি ভঙ্গ করেছেন বলে অফিসার বিশ্বাস করেন তা আপনি অফিসারকে জিজ্ঞাসা করার অধিকার আছে। । যদি আপনার বিরুদ্ধে আইন ভাঙার অভিযোগ না আনা হয়, তাহলে আপনি জিজ্ঞাসা করতে পারেন "আমাকে কি আটক করা হচ্ছে নাকি আমি যেতে পারবো?" যদি আপনাকে আটক না করা হয় তবে আপনি চলে যেতে পারেন। জিজ্ঞাসাবাদ শেষ হওয়ার আগে পালিয়ে যাবেন না বা চলে যাবেন না। এটি আরও টিকিটের দিকে ধাবিত করতে পারে।
- যদি আপনাকে থামানো হয়ে থাকে এবং টিকিট দিয়ে থাকে তাহলে দয়া করে ওয়ার্কার্স অ্যাকশন সেন্টারে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে কিছু আইনি সহায়তা পেতে সাহায্য করতে পারি।

১ O. Reg. 265/21: Stay-at-home Order April 7, 2021. https://www.ontario.ca/laws/regulation/r21265

২ O. Reg. 8/21 Enforcement of COVID-19 Measures April 17th 2021. https://www.ontario.ca/laws/regulation/210008

720 Spadina Avenue, Suite 223 Toronto ON M5S 2T9
Phone: 416-531-0778 Fax: 416-533-0107

Updated April 17th 2021
www.WorkersActionCentre.org